গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
আগারগাঁও সিভিক সেক্টর, প্লট নং-এফ-১০
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং- ৪৭.০৬১.০০০০.০০৪.০১১.০৮/১৪-জি-২১৫২-৬/৩ তারিখ-২৪/১২/২০১৮

সমবায় অধিদপ্তরের আওতাধীন রাজস্ব বাজেটভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে সাদা কাগজে **নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা** বরাবরে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না (তবে সকল জেলার এতিম খানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | পরিদর্শক<br>৫৯০০-৩৮০×৭-৮৫৬০-ইবি-৪১৫×১১-১৩১২৫/- | ৬ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। | গাজীপুর, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, জামালপুর, টাংগাইল, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি,লক্ষীপুর, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, ঠাকুরগাঁও, লালমনিরহাট, কুড়িগ্রাম, ঝিনাইদহ, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর ও বরগুনা। |
| ০২ | প্রশিক্ষক<br>৫৯০০-৩৮০×৭-৮৫৬০-ইবি-৪১৫×১১-১৩১২৫/- | ২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। | - ঐ - |
| ০৩ | সরেজমিনে তদন্তকারী<br>৫৯০০-৩৮০×৭-৮৫৬০-ইবি-৪১৫×১১-১৩১২৫/- | ৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতিসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। | - ঐ - |
| ০৪ | গ্রাফিক ডিজাইনার/ আর্টিস্ট<br>৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫/- | ১ | সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ চারুকলা ইনস্টিটিউট বা মহাবিদ্যালয় হইতে ডিপ্লোমা। | - ঐ - |
| ০৫ | আর্টিস্ট কাম ড্রাফটস্ম্যান<br>৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫/- | ১ | সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত চারুকলা ইনস্টিটিউট বা মহাবিদ্যালয় হইতে ডিপ্লোমা। | - ঐ - |
| ০৬ | ম্যানেজার<br>(মাসিক সমবায় পত্রিকা)<br>৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫/- | ১ | সাংবাদিকতায় ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। | - ঐ - |
| ০৭ | সহকারী পরিদর্শক<br>৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫/- | ১৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। | - ঐ - |
| ০৮ | সহকারী প্রশিক্ষক<br>৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫/- | ২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। | - ঐ - |
| ০৯ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫/- | ৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ;<br>(গ) সাঁটলিপির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজীতে ৭০ শব্দ হইতে হইবে;<br>(ঘ) Word procesing/ data entry & Typing ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দ হইতে হইবে। | - ঐ - |
| ১০ | ড্রাইভার<br>৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০/- | ৭ | অষ্টম শ্রেণী পাসসহ হালকা বা ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্স। | - ঐ - |
| ১১ | তাঁত সুপারভাইজার<br>৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫/- | ৫ | সরকারি বয়ন স্কুল বা স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে কারিগরি কোর্স পরীক্ষায় উত্তীর্ণ। | - ঐ - |

চলমান পাতা # ২

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২ | গ্রন্থাগারিক (সদর)<br>৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-<br>ইবি-২৯০×১১-৯৭৪৫/- | ১ | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সায়েন্সে সনদপ্রাপ্ত। | - ঐ - |
| ১৩ | প্রুফ রীডার<br>৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-<br>ইবি-২৯০×১১-৯৭৪৫/- | ১ | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। | - ঐ - |
| ১৪ | হিসাব সহকারী (সদর)<br>৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-<br>ইবি-২৯০×১১-৯৭৪৫/- | ১ | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। | - ঐ - |
| ১৫ | ক্যাশিয়ার<br>৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-<br>ইবি-২৯০×১১-৯৭৪৫/- | ৫ | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। | - ঐ - |
| ১৬ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-<br>ইবি-২৯০×১১-৯৭৪৫/- | ২০ | (ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ;<br>(গ) Word procesing/ data entry & Typing ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দ হইতে হইবে। | - ঐ - |
| ১৭ | ডেসপাচার<br>৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-<br>ইবি-২৯০×১১-৯৭৪৫/- | ১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) মটর সাইকেল চালনায় বৈধ লাইসেন্স থাকিতে হইবে। | - ঐ - |
| ১৮ | সহকারী ফিল্ম অপারেটর<br>৪৪০০-২২০×৭-৫৯৪০-<br>ইবি-২৪০×১১-৮৫৮০/- | ১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে প্রজেক্টর বা জেনারেটর চালানোর কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। | গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, টাংগাইল, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, কুমিল্লা, বি-বাড়ীয়া, চাঁদপুর, ফেনী, লক্ষ্মীপুর, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম,নীলফামারী, খুলনা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ। |
| ১৯ | কুক<br>৪১০০-১৯০×৭-৫৪৩০-<br>ইবি-২১০×১১-৭৭৪০/- | ২ | রান্না ও পরিবেশনায় অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী পাস। | - ঐ - |
| ২০ | মেট্স<br>৪১০০-১৯০×৭-৫৪৩০-<br>ইবি-২১০×১১-৭৭৪০/- | ১ | রান্না ও পরিবেশনায় অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী পাস। | - ঐ - |
| ২১ | নৈশ প্রহরী<br>৪১০০-১৯০×৭-৫৪৩০-<br>ইবি-২১০×১১-৭৭৪০/- | ১ | অষ্টম শ্রেণী পাস। তবে শারিরীক যোগ্যতা সম্পন্ন হইতে হইবে। | - ঐ - |
| ২২ | অফিস সহায়ক (সাধারন কর্মচারী/ এমএলএসএস)<br>৪১০০-১৯০×৭-৫৪৩০-<br>ইবি-২১০×১১-৭৭৪০/- | ৫ | কোন স্বীকৃত বোর্ড হইতে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | - ঐ - |
| ২৩ | সুইপার<br>৪১০০-১৯০×৭-৫৪৩০-<br>ইবি-২১০×১১-৭৭৪০/- | ১ | অষ্টম শ্রেণী পাস। সুইপার সম্প্রদায়ের প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। | - ঐ - |

চলমান পাতা # ৩

## শর্তাদি ঃ

১। **০১/১২/২০১৪ খ্রিঃ** তারিখে প্রার্থীর বয়স ১৮ হইতে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা ও এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হইতে ৩২ বৎসরের মধ্যে হইতে হইবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

২। আবেদনপত্রে (স্পষ্ট অক্ষরে) আবেদনকারীর নাম, পিতা/মাতা, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, (মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং নাতি-নাতনির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা দাদা/দাদী ও নানা/নানীর নাম ও স্থায়ী ঠিকানা লিখতে হইবে) নিজ জেলার নাম, জন্ম তারিখ, **০১/১২/২০১৪ খ্রিঃ** তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে), জাতীয়তা, বৈবাহিক অবস্থা উল্লেখ পূর্বক আবেদন পত্র (স্বাক্ষর করে) আগামী ২৯/০১/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে **নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭** ঠিকানায় ডাকযোগে পৌঁছাইতে হইবে।

৩। আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি/ ফটোকপি (ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে) সংযুক্ত করিতে হইবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করিতে হইবে।

ক) কোন প্রকার ঘষা মাজা/ কাটাছেড়া ছাড়া সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতার মূল সনদপত্র/ সাময়িক সনদপত্রের (বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত) সত্যায়িত কপি। তবে সরেজমিনে তদন্তকারী পদের জন্য বিজ্ঞপ্তিতে চাহিত সংশ্লিষ্ট বিষয় উল্লেখ পূর্বক মার্কশীটের কপি অবশ্যই দাখিল করিতে হইবে ;

খ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি ;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ এবং স্থায়ী বাসিন্দা উল্লেখ পূর্বক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি (সনদ প্রদানকারীর নাম থাকিতে হইবে) ;

ঘ) ০১(এক) জন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি ;

ঙ) **নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা** এর অনুকূলে ১ হইতে ১৭নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) এবং ১৮ হইতে ২৩নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ১-৩৮৩১-০০০০-২০৩১ খাতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিয়া চালানের মূলকপি ;

চ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে চাকুরির আবেদনপত্রের সহিত তাহাদের পিতা/ মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি ;

ছ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার নাতি-নাতনি হিসেবে চাকুরি প্রার্থীকে চাকুরির আবেদনপত্রের সহিত তাহাদের পিতার পিতা/ পিতার মাতা/ মাতার পিতা/ মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি ;

জ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার নাতি-নাতনি হইলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার নাতি-নাতনি এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট;

৪। সরকার নির্ধারিত বিশেষ কোটা যথা- এতিম খানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন; তবে উল্লিখিত কোটার চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে। উপজাতী প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করিতে হইবে।

৫। বাংলাদেশ সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাকে নিয়োগের জন্য বিবেচনা করা হইবে।

৬। বিবাহিত মহিলাদের ক্ষেত্রে পিতা অথবা স্বামীর নিজ জেলার মধ্যে যে কোন একটি নিজ জেলা উল্লেখ করে আবেদন করিতে হইবে। আবেদনে উল্লিখিত ঠিকানাই তাহার স্থায়ী ঠিকানা বিবেচিত হইবে।

৭। কোন প্রার্থীর স্থায়ী ঠিকানা বা যে কোন সনদ মিথ্যা প্রমাণিত হইলে তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হইবে। এমনকি নিয়োগ পত্র জারী করা হইলেও উহা বাতিল করা হইবে।

৮। আবেদন পত্রের খামের উপরে ডান পার্শ্বে আবেদনকৃত পদের নাম ও বাম পার্শ্বে নিজ জেলার নাম উল্লেখ করিতে হইবে।

৯। চাকুরীরত প্রার্থীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২৯/০১/২০১৫ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে অবশ্যই পৌঁছাইতে হইবে। এই ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হইবে না।

১০। আবেদন পত্রের সাথে পরবর্তী পত্র যোগাযোগের জন্য নিজ বর্তমান ঠিকানা লিখিত ৯ ইঞ্চি × ৪ ইঞ্চি মাপের ৪ টাকার অব্যবহৃত ডাক টিকেট সম্বলিত একটি খাম সংযুক্ত করিতে হইবে।

১১। লিখিত, মৌখিক, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের সহিত পত্র দ্বারা যোগাযোগ করা হইবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১২। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১৩। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধি করা এবং যে কোন কারনে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।